গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
**www.dam.gov.bd**

**কৃষি বিপণন অধিদপ্তরের জুলাই, ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আহমেদ<br>মহাপরিচালক<br>কৃষি বিপণন অধিদপ্তর। |
| তারিখ | : | ৩১ জুলাই, ২০১৭ খ্রিঃ। |
| সময় | : | দুপুর ১২:০০ ঘটিকা। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হলো ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ১. | গত ২০/০৬/২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ। | গত ২০/০৬/২০১৭ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় নিশ্চিতকরণের প্রস্তাব করা হয়।<br>**সিদ্ধান্ত-১**: ২০/০৬/২০১৭ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | প্রশিক্ষণ ও সমন্বয় শাখা। |
| ২. | **বাজার দর পর্যালোচনাঃ**<br>ঢাকা শহরে চাল মাঝারী, আদা (দেশী ও আমদানীকৃত), কাঁচমরিচ, আলু হল্যান্ড (সাদা), বেগুন ও মুরগী (ব্রয়লার) এর দাম বৃদ্ধি পেয়েছে।<br>০৭টি বিভাগে ধান, চাল, বেগুন, শসা, চিনি, পিঁয়াজ, আদা, পটল, করলা, কাঁচা মরিচ, আলু, ঢেড়শ, ঝিংগা ও চিচিংগার দাম বৃদ্ধি পেয়েছে। | বাজার মূল্য পরিস্থিতি নিয়ে উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান) সভায় ঢাকা মহানগরীর এবং ঢাকা মহানগরীর সাথে ০৭টি বিভাগের তুলনামূলক ০২টি প্রতিবেদন উপস্থাপন করেন (পরিশিষ্ট-'খ')। বাজার দর পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **সিদ্ধান্ত-১**: যেসকল পণ্যের দাম বৃদ্ধি পেয়েছে বিশেষ করে চাল মাঝারী, আদা (দেশী ও আমদানীকৃত), কাঁচমরিচ, আলু হল্যান্ড (সাদা), বেগুন ও মুরগী (ব্রয়লার) সহ সকল কৃষি পণ্যের দাম সহনীয় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদার পূর্বক জেলা ও বিভাগীয় পর্যায়ে লিংকেজ স্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: বাজারে পণ্যের সরবরাহ পরিস্থিতি স্থিতিশীল রাখার লক্ষ্যে জেলা ও বিভাগীয় পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।<br>বিভাগীয় উপ-পরিচালক (সকল)<br>ডিএমও/ডিএমআই (সকল) |
| ৩. | **বাজার তথ্য ও পরিসংখ্যান শাখাঃ**<br>জেলা হতে যৌক্তিক মূল্যের প্রাপ্ত প্রতিবেদন পাওয়া গেছে ৫১টি, পাওয়া যায়নি ১৩টি। যৌক্তিক মূল্য বাস্তবায়ন সন্তোষজনক। | **সিদ্ধান্ত-১**: যৌক্তিক মূল্য বাস্তবায়ন ও অন্যান্য বিষয়ে ব্যাপক প্রচারণার লক্ষ্যে লিফলেট/হ্যান্ড বিল সংশ্লিষ্ট বাজারসমূহে বিতরণের কার্যক্রম জোরদার করতে হবে। যৌক্তিক মূল্য বিষয়ে ঢাকা বিভাগের কার্যক্রম আশানুরুপ নয়। যৌক্তিক মূল্য বাস্তবায়নে আরোও তৎপর হতে হবে। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।<br>ঢাকা বিভাগীয় উপ-পরিচালক।<br>জেলা বাজার কর্মকর্তা ঢাকা। |
| | | **সিদ্ধান্ত-২**: যৌক্তিক মূল্য বাস্তবায়ন পূর্বক পণ্য ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রে নজরদারী বাড়াতে হবে। মিলারদের সংগে প্রতিনিয়ত যোগাযোগ পূর্বক সভা করে চালের মূল্য ধারাবাহিকভাবে মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে। | উপ-পরিচালক (বাজার তথ্য ও পরিসংখ্যান)।<br>ঢাকা বিভাগীয় উপ-পরিচালক।<br>জেলা বাজার কর্মকর্তা ঢাকা। |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ৪. | **গবেষণা শাখা**<br>সারাদেশে হিমাগারের সংখ্যা ৩৬৩টি, মোট ধারণ ক্ষমতা ২৭.৮১ লক্ষ মেঃ টন, মোট আলু উৎপাদন ৯৮.৬৫ লক্ষ মেঃ টন, মোট সংরক্ষণ ২৫.০৭ লক্ষ মেঃ টন। | **সিদ্ধান্ত-১**: ১১টি কৃষিপণ্যের তথ্যভিত্তিক প্রতিবেদন প্রণয়ন পূর্বক মহাপরিচালক বরাবর উপস্থাপন এবং অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে । গবেষণা শাখার সাথে বাজার সংযোগ শাখার কার্যক্রমে সংযোগ স্থাপন করতে হবে। | প্রধান (গবেষণা ও উন্নয়ন) |
| ৫. | **আরইটিসি শাখা**<br>জুন/১৭ মাসের চেয়ে জুলাই/১৭ মাসে ৩৬.৫৮% রাজস্ব আদায় হ্রাস পেয়েছে। তবে মোট আদায় সন্তোষজনক এবং লক্ষমাত্রা অতিক্রম করেছে। গত অর্থবছরের তুলনায় এই অর্থ বছরে মোট রাজস্ব আদায় বৃদ্ধির হার ২.৭৩%। | **সিদ্ধান্ত-১**: জেলা পর্যায়ে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ কৃষিপণ্য বাজার নিয়ন্ত্রণ আইন, ১৯৬৪ প্রয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক এতদসংক্রান্ত তথ্যাদি প্রত্যেক মাসে নির্ধারিত ছকানুযায়ী সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি) এবং বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-২**: নন-ট্যাক্স রেভিনিউ আদায় বৃদ্ধির লক্ষ্যে জোর প্রচেষ্টা চালাতে হবে এবং প্রজ্ঞাপিত পুরাতন বাজারের পাশাপাশি নতুন প্রজ্ঞাপিত বাজারসমূহের লাইসেন্সিং কার্যক্রম বৃদ্ধি করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৩**: যে সকল জেলা হতে এখনও মার্কেট চার্জের প্রস্তাব পাওয়া যায়নি, সে সকল জেলা হতে দ্রূত মার্কেট চার্জের প্রস্তাব সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৪**: বাতিলযোগ্য লাইসেন্স বাতিলপূর্বক চলমান লাইসেন্সের তালিকা ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে দ্রূত সদর দপ্তরে প্রেরণ করতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। ডিএমও/ডিএমআই (সকল)। |
| ৬. | **নীতি ও পরিকল্পনা শাখা**<br>০৩টি প্রকল্প সবুজ পাতায় অন্তর্ভূক্ত আছে। চালু প্রকল্প ০১টি, চালু কর্মসূচী ০২টি। | **সিদ্ধান্ত-১**: APSU কর্তৃক নির্বাচিত প্রাথমিক প্রকল্পের তালিকা থেকে পর্যায়ক্রমে DPP- প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)। |
| | | **সিদ্ধান্ত-২**: প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচী অনুমোদনের লক্ষ্যে মন্ত্রণালয়ে জোর প্রচেস্টা চালাতে হবে। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)। |
| ৭. | **শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা**<br>মোট গুদাম ৮১টি, শস্য জমার পরিমান ৩৭,৮২৭ কুইঃ, ঋণ বিতরণ ৪৬৯.৬৮ লক্ষ, এফডিআর ১২৩.৭৯ লক্ষ, গুদামের সঞ্চয়ী হিসাবে রক্ষিত ৭.৬২ লক্ষ, মোট তহবিল ১৩১.৪১ লক্ষ টাকা, ঋণ খেলাপী গুদামের সংখ্যা ১৬টি, খেলাপী ঋণের পরিমাণ ৫৮.০১ লক্ষ টাকা। | **সিদ্ধান্ত-১**: খেলাপী ঋণ আদায় বিষয়ে কি করা যেতে পারে এ বিষয়ে ২০ আগস্ট, ২০১৭ তারিখের মধ্যে মতামত দেয়ার জন্য আঞ্চলিক ব্যবস্থাপকদের পূণরায় পত্র প্রেরণ করতে হবে। তাছাড়া এতদ্‌বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকসমূহেও পত্র প্রেরণ করতে হবে। | উপ-পরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)। |
| | | **সিদ্ধান্ত-২**: ২০১৭-২০১৮ অর্থবছরে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ APA অনুযায়ী লক্ষমাত্রা অর্জনের বিষয়টি আঞ্চলিক ব্যবস্থাপকগণ নিশ্চিত করবেন। | উপ-পরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)। আঞ্চলিক ব্যবস্থাপক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-৩**: বাতিল গুদামসমূহের চুক্তি বাতিলের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউএনও বরাবর পত্র প্রেরণ করতে হবে এবং গুদামসমূহের ইনভেন্টরী প্রস্তুত অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা)। আঞ্চলিক ব্যবস্থাপক (সকল)। |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ৮. | **অডিট আপত্তি এবং পেনশন সংক্রান্ত তথ্য উপস্থাপন**<br>মোট অডিট আপত্তি-১৪টি, ব্রডশীট জবাব-১৩টি, পেন্ডিং জবাব-০১টি, অভ্যন্তরীণ অডিট সম্পন্ন ১৮টি অফিস। | **সিদ্ধান্ত-১**: অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে হিসাব শাখার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বিভিন্ন জেলার অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ পূর্বক ব্রডশীট জবাব প্রেরণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | হিসাব শাখা। |
| | | **সিদ্ধান্ত-২**: অভ্যন্তরীণ অডিট টিমদ্বয় নিয়মিতভাবে নির্দেশনানুযায়ী জেলা অফিসসমূহের অডিট কার্যক্রম পরিবীক্ষণ ও প্রতিবেদন দাখিল অব্যাহত রাখবে এবং জেলাসমূহ অডিটের বিষয়ে নির্দেশনা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করবে। | অডিট টিম। |
| ৯. | **ICT শাখা**<br>ই-ফাইলে প্রাপ্ত ডাক ৪৪৯, ই-ফাইলে সম্পন্ন ৩৩৬, ই-ফাইলে পত্র জারী ১১৪টি। বিভাগীয় কার্যালয়সমূহে ই-ফাইলে কার্যক্রম শুরু হয়নি। | **সিদ্ধান্ত-১**: প্রশিক্ষণ অনুযায়ী বিভাগীয় অফিসসমূহে ই-ফাইলিং কার্যক্রম শুরু করার লক্ষ্যে আইসিটি শাখা ও বিভাগীয় কার্যালয়সমূহ হতে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা আইসিটি শাখা। বিভাগীয় উপ-পরিচালক (সকল) |
| | | **সিদ্ধান্ত-২**: কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ইতোমধ্যে চালুকৃত ০৯টি শাখা হতে ই-ফাইলিং-এ ডাক এবং নথি ডিস্পোজালের সংখ্যা বাড়াতে সংশ্লিষ্ট শাখাসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা আইসিটি শাখা। শাখা প্রধান (সকল) |
| ১০. | কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক-এর সাথে সকল বিভাগীয় উপ-পরিচালক এবং প্রকল্প/উপ-প্রকল্প পরিচালকদের মধ্যে বার্ষিক কর্ম সম্পাদন সমঝোতা স্মারক। | **সিদ্ধান্ত-১**: ২০১৭-২০১৮ অর্থবছরের APA-চুক্তি অনুযায়ী সকল বিভাগের উপ-পরিচালকগণ তাঁদের স্ব-স্ব সূচকের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে ১০০% ভাগ কার্যাদি সম্পন্ন পূর্বক ১ম কোয়ার্টারের প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করবেন। | APA বাস্তবায়ন কমিটি। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। প্রকল্প/কর্মসূচী পরিচালক। ডিএমও/ডিএমআই (সকল)। |
| ১১. | কৃষি বিপণন অধিদপ্তরে SDG's বিষয়ে সচেতনতা, সম্যক ধারণা লাভ এবং বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন। | **সিদ্ধান্ত-১**: সরকারী কর্মকর্তা/কর্মচারীদের মাঝে SDG's এর বিষয়ে জ্ঞানভিত্তিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এসডিজি-এর ১৭টি অভীষ্ট (Goals) এবং অন্তর্গত ১৬৯টি লক্ষ্য (Targets) হতে বিভাগের সাথে সংশ্লিষ্ট অভীষ্ট এবং লক্ষ্যসমূহ সনাক্ত করে সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রাসমুহ নির্ধারণ এবং বার্ষিক কর্মপরিকল্পনায় তার প্রতিফলন ঘটানোর প্রয়াস অব্যাহত রাখতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। APA-ফোকাল পয়েন্ট। |
| ১২. | শুদ্ধাচার কৌশল ও অভিযোগ নিস্পত্তি এবং শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ | **সিদ্ধান্ত-১**: বিভাগীয় কার্যালয় হতে Action Plan এবং Guideline অনুযায়ী শুদ্ধাচার কৌশল বিষয়ে প্রতিবেদনসমূহ যথাসময়ে সদর দপ্তরে প্রেরণের ব্যবস্থা নিতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-২**: Action Plan এবং Guideline অনুযায়ী অভিযোগ পাওয়া মাত্রই শুদ্ধাচার কৌশল বিষয়ে সময়মত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক যথাসময়ে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | নৈতিকতা কমিটি। |
| ১৩. | তথ্য অধিকার আইন। | **সিদ্ধান্ত-১**: Voluntary Disclosure বিষয়ক প্রতিবেদন নির্ধারিত সময়ে আবশ্যিকভাবে মন্ত্রণালয় এবং তথ্য কমিশনে পাঠাতে হবে। | তথ্য অধিকার আইন বাস্তবায়ন কমিটি। ২। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |
| | | **সিদ্ধান্ত-২**: তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইনে নির্ধারিত আবেদন ফরম ব্যবহার এবং এতদসংক্রান্ত মাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক (আরইটিসি)। বিভাগীয় উপ-পরিচালক (সকল)। তথ্য অধিকার আইন বাস্তবায়ন কমিটি। |

| ক্রমিক নং | শাখা ভিত্তিক আলোচ্য বিষয় ও পর্যবেক্ষণ | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ শাখা |
|---|---|---|---|
| ১৪. | সেন্ট্রাল মার্কেট পরিচালনা | **আলোচনাঃ** সেন্ট্রাল মার্কেট সংক্রান্ত সিদ্ধান্তসমূহের বিষয়ে কোন অগ্রগতি নেই। বরং উপ-পরিচালক/সদস্য সচিব ভাড়া আদায় ও কুল ভ্যান পরিচালনা সংক্রান্ত বিষয়সমূহকে অবৈধ কার্যক্রম বলে বক্তব্য প্রদান করেন। সরকারী সিদ্ধান্তকে অবৈধ বলা এ পর্যায়ের কর্মকর্তার কাছ থেকে কোনভাবেই প্রত্যাশা করা যায় না। উপ-পরিচালক ও সদস্য সচিব এমএমসি কর্তৃক এহেন আচরণ ও বক্তব্য উপস্থাপন প্রশাসনিক শৃঙ্খলা পরিপন্থি। | |
| | | **সিদ্ধান্ত-১**: অধিদপ্তরের সিদ্ধান্ত অনুযায়ী সেন্ট্রাল মার্কেট বিষয়ে ব্যবস্থা গ্রহণ; প্রয়োজনে এমএমসির অনুমোদন গ্রহণের জন্য পদক্ষেপ নিতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক, ঢাকা। |
| | | **সিদ্ধান্ত-২**: সেন্ট্রাল মার্কেটটিকে একটি আধুনিক কৃষিপণ্য বিপণন কেন্দ্র হিসেবে ব্যবহারের লক্ষ্যে বিভিন্ন উদ্যোগী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে পূর্নাঙ্গভাবে চালু করণের উদ্যোগ নিতে হবে। | বিভাগীয় উপ-পরিচালক, ঢাকা। |
| ১৫. | **এনসিডিপি মার্কেট ব্যবস্থাপনা** মোট নির্মিত বাজার ৭৫টি, সেন্ট্রাল মার্কেট ০১টি, চালু মার্কেট ৭০টি, বন্ধ মার্কেট ০৫টি। | **সিদ্ধান্ত-১**: ৫টি বন্ধ এনসিডিপি মার্কেট চালুকরণ বিষয়ে উপ-পরিচালক (গবেষণা), বিভাগীয় উপ-পরিচালক রংপুর/রাজশাহী সমন্বিতভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক আগামী সভার পূর্বে মহাপরিচালক বরাবর প্রতিবেদন উপস্থাপন করবেন। | উপ-পরিচালক (গবেষণা অধিশাখা) বিভাগীয় উপ-পরিচালক রংপুর/রাজশাহী। |
| | | **সিদ্ধান্ত-২**: কৃষি বিপণন অধিদপ্তরের নিজস্ব স্থাপনাসমূহের দলিল পত্রাদি সংশ্লিষ্ট বিভাগীয় অফিসে প্রেরণ ও সদর দপ্তরে সংরক্ষণ পূর্বক খাজনা/পৌরকর পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক (গবেষণা অধিশাখা) বিভাগীয় উপ-পরিচালক (সকল)। সহকারী পরিচালক (প্রশাসন)। |
| ১৬. | ইনোভেশন টিম | **সিদ্ধান্ত-১**: জরুরী ভিত্তিতে উদ্ভাবনী ধারণা ও রোড ম্যাপ চূড়ান্তকরণ করে উপস্থাপন করতে হবে এবং উদ্ভাবনী ধারণাসমূহ প্রকল্পের মাধ্যমে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম। মেন্টরগণ বিভাগীয় উপ-পরিচালক (সকল)। উপ-পরিচালক (পিপি)। |
| | | **সিদ্ধান্ত-২**: ডিএমও/ডিএমআইগণদের কাছ থেকে উদ্ভাবন সংস্কৃতি বিকাশ এবং উদ্ভাবিত উদ্ভাবনমূলক আইডিয়াসমূহ সংগ্রহ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। আইডিয়াসমূহ কিভাবে বাস্তবায়ন করা সম্ভব তা মেন্টরগণ পরীক্ষা করে দেখবেন। বিভাগীয় উপ-পরিচালকগণ ডিএমও/ডিএমআইগণদের আইডিয়সমূহ যাচাই-বাচাই করে সদর দপ্তরে পাঠাবেন। | ইনোভেশন টিম। মেন্টরগণ বিভাগীয় উপ-পরিচালক (সকল)। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( মোঃ মাহবুব আহমেদ )
মহাপরিচালক
E-mail: dg@dam.gov.bd